রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ২৬, ২০২৬

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ বৈশাখ, ১৪৩৩ মোতাবেক ২৬ এপ্রিল, ২০২৬

নিম্নলিখিত বিলটি ১৩ বৈশাখ, ১৪৩৩ মোতাবেক ২৬ এপ্রিল, ২০২৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ৯২/২০২৬

## The Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 এর অধিকতর সংশোধনকল্পে আনীত

## বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে The Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন The Members of Parliament (Remuneration and Allowances) (Amendment) Act, 2026 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **P.O. No. 28 of 1973 এর Article 3C এর বিলুপ্তি।**—The Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973) এর Article 3C বিলুপ্ত হইবে।


মূল্য : টাকা ৪·০০

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি:

জনগণের সেবা করার প্রতিশ্রুতি দিয়ে সংসদ-সদস্য নির্বাচিত হওয়ার পর সংসদ-সদস্যদের নিজের নামে শুল্কমুক্ত গাড়ি আমদানি একদিকে যেমন নির্বাচনী প্রতিশ্রুতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়, অন্যদিকে তেমনি এ ধরনের শুল্কমুক্ত সুবিধা কর প্রদানের ক্ষেত্রে দেশের মালিক জনগণের সাথে দৃশ্যমান বৈষম্য তৈরি করে। এই প্রেক্ষিতে মাননীয় সংসদ নেতার দূরদর্শী দৃষ্টিভঙ্গির আলোকে বাংলাদেশ জাতীয় সংসদের সদস্যদের জন্য বিদ্যমান শুল্কমুক্ত গাড়ি সুবিধা বর্তমান অর্থনৈতিক বাস্তবতার প্রেক্ষাপটে পুনর্বিবেচনা প্রয়োজন। রাষ্ট্রীয় ব্যয় সংকোচন, স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং নাগরিকদের সাথে সাম্য প্রতিষ্ঠাকল্পে উক্ত সুবিধা বাতিল করার জন্য The Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973) এর Article 3C বিলুপ্তির উদ্দেশ্যে এই বিলটি আনয়ন করা হলো।

**মোঃ আসাদুজ্জামান**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**ব্যারিস্টার মোঃ গোলাম সরওয়ার ভূঁইয়া**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd